

## 💵 আর-রাহীকুল মাখতূম

विভাগ/অধ্যায়ঃ গাযওয়ায়ে বদরে কুবরা- ইসলামের প্রথম ফায়সালাকারী যুদ্ধ (مُعُرِكَةٍ مِنْ مَعْرِكَةٍ مِنْ)

রচয়িতা/সঙ্কলকঃ আল্লামা সফিউর রহমান মোবারকপুরী (রহঃ)

## তথ্যানুসন্ধানের চেষ্টা (الرَّسُوْلُ ﷺ يَقُوْمُ بِعَمَلِيَةِ الْإِسْتِكْشَافِ):

এখানে পৌঁছেই রাসূলুল্লাহ (ﷺ) তার 'সওর' গুহার সঙ্গী ও সব চাইতে ঘনিষ্ট বন্ধু আবৃ বাকর (রাঃ)-কে সঙ্গে নিয়ে শক্র বাহিনীর সন্ধান নেয়ার উদ্দেশ্যে বেরিয়ে পড়েন। দুর হতে তাঁরা মক্কা বাহিনীর শিবির এবং অবস্থান সম্পর্কে সমীক্ষারত ছিলেন। এমন সময় একজন বৃদ্ধ আরবকে তাঁরা পেয়ে গেলেন। রাসূলুল্লাহ (ﷺ) ঐ বৃদ্ধকে কুরাইশ বাহিনী এবং মুহাম্মাদ (ﷺ) এর সাহাবীদের অবস্থা সম্পর্কে জিজ্ঞাসাবাদ করেন। দু'বাহিনী সম্পর্কে জিজ্ঞাসাবাদের উদ্দেশ্য ছিল যেন সে তাঁকে চিনতে না পারে। বৃদ্ধ বললেন, 'আপনারা কোন কওমের সম্পর্কযুক্ত তা না জানালে আমি কিছুই বলব না।'

রাসূলুল্লাহ (ﷺ) বললেন ঠিক আছে, 'আপনি বলে দিলে আমরাও বলে দিব।'

সে বলল, 'এটা ওটার বিনিমিয় তো?'

তিনি উত্তর দিলেন 'হাাঁ'।

সে তখন বলল, 'আমি জানতে পেরেছি যে, মুহাম্মাদ (ﷺ) এবং তাঁর সঙ্গীরা অমুক দিন মদীনা থেকে বের হয়েছেন। সংবাদ দাতা, আমাকে সঠিক বলে থাকলে আজ তারা অমুক জায়গায় রয়েছেন।

সে ঠিক ঐ জায়গাটিরই নাম ঠিকানা বলে দিল যেখানে ঐ সময় মুসলিম বাহিনী অবস্থান করছিলেন।

তারপর সে বলল, আমি এটাও অবগত হয়েছিল যে, কুরাইশ বাহিনী অমুক দিন মক্কা থেকে বের হয়েছে সংবাদ দাতা আমাকে সঠিক সংবাদ বলে থাকলে তারা আজ অমুক জায়গায় অবস্থান করছে।'

সে ঠিক ঐ জায়গারই নাম বলল, যেখানে ঐ সময় কুরাইশ বাহিনী অবস্থান করছিল।

বৃদ্ধ নিজের কথা শেষ করে বলল, 'আচ্ছা তবে এখন বলুন, আপনারা কোন সম্প্রদায়ভুক্ত।'

উত্তরে রাসূলুল্লাহ (ৠৣ) বললেন, 'আমরা এক পানি হতেই (উদ্ভূত)।'

এ কথা বলেই তিনি ফিরে চললেন। আর বৃদ্ধ বক্ বক্ করতেই থাকল, কোন্ পানি হতে? ইরাকের পানি হতে কি?

Source — https://www.hadithbd.com/books/link/?id=6189

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন